দর্শনায় শীতার্থ মানুষের মাঝে কম্বল বিতরণ

দর্শনায় বুয়েট-৮৭ ফাউন্ডেশনের সহযোগিতায় এবং বন্ধুজন-৮৯ এর উদ্যোগে শীতবস্ত্র কম্বল বিতরণ করা হয়েছে।

আজ সোমবার বিকাল ৫টার দিকে শীতবস্ত্র কম্বল দর্শনা থানাপাড়, জীবননগর, ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার কয়েকটি ইউনিয়নের হতদরিদ্র মানুষের মাঝে এ কম্বল বিতরণ করা হয়েছে।

দর্শনায় বন্ধুজন-৮৯ এর ছড়িয়ে ছিটিয়ে থাকা বন্ধুদের মাধ্যমে ২০০শত জন শীতার্থ মানুষের মাঝে এসব কম্বল বিতরণ করা হয়। দর্শনায় বন্ধুজন-৮৯ ব্যাচ দর্শনা সরকারী কলেজের ছাত্র আব্দুস সামাদ বিপু, মিনাজ উদ্দিন ও লাড্ডান, জীবননগরে আজিজুল হক ও আব্দুল হাকিম এবং ইমরোজ আলী এসব কম্বল গুলো বিতরণ করা হয়েছে।

মেহেরপুরে শাহজালাল ইসলামী ব্যাংকের উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

শাহজালাল ইসলামী ব্যাংক ফাউন্ডেশনের সিএসআর কার্যক্রমের অংশ হিসেবে মেহেরপুর জেলা শাখার উদ্যোগে এতিমখানার এতিম ও দুস্থ অসহায় শিশু এবং সহায়-সম্বলহীন শীতার্থ মানুষদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

শনিবার (১৩ জানুয়ারি) বেলা ১১ টার দিকে শাহজালাল ইসলামী ব্যাংক মেহেরপুর জেলা শাখায় এ শীতবস্ত্র বিতরণ করা হয়। শাখা ব্যবস্থাপক মীর তৌহিদ আহম্মেদের নেতৃত্বে মোট ২ শত এতিম ও দুস্থ অসহায় শিশু এবং শীতার্থ মানুষদের মাঝে কম্বল বিতরন করা হয়।

জামিউল কুরআন মডেল মাদ্রাসা ও হিফজখানার ২৫ জন,বারাদি মদিনাতুল

উলুম করমিয়া মাদ্রাসার ২০ জন,শিশিরপাড়া নূরানী হাফেজী মাদ্রাসা এতিমখানা ও লিল্লাহ বোর্ডিং এর ২০ জন এতিম ও অসহায় শিশু এবং বাকি ১৩৫ টি কম্বল সহায়-সম্বলহীন শীতার্তদের মাঝে বিতরণ করা হয়।

এসময় ব্যাংকের সহকারী ব্যবস্থাপক ফারুক হোসেনসহ বিশিষ্ট ব্যবসায়ী,এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ,মাদ্রাসা ও এতিমখানার শিক্ষকবৃন্দ এবং ব্যাংকের অন্যান্য কর্মকর্তা কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

জীবননগরে শীতার্থ মানুষের মাঝে উদ্দীপন এনজিওর কম্বল বিতরণ

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার আন্দুলবাড়িয়ায় বেসরকারি সামাজিক উন্নয়ন প্রতিষ্ঠান উদ্দীপন (এনজিও) শীতার্থ মানুষের মাঝে কম্বল বিতরণ করেছে।

শুক্রবার (১৩ জানুয়ারি) বিকেল সাড়ে ৪ টায় সংস্থার স্থানীয় কার্যালয়ে এই কম্বল বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

উদ্দীপন এনজিওর আন্দুলবাড়িয়া শাখা ব্যবস্থাপক আল আসমাউল হুসনার সঞ্চালনায় কম্বল বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, প্রতিষ্ঠানের দর্শনা আঞ্চলিক ব্যবস্থাপক (আরএম) বিপ্লব কুমার পোদ্দার।

দেশের সর্বনিম্ন তাপমাত্রায় কাতর চুয়াডাঙ্গার জীবননগরের আন্দুলবাড়িয়া গরীর অসহায় দুস্থ মানুষ এসব মানুষ কস্বল পেয়ে খুব খুশি ও আনন্দিত হয়ে উদ্দীপন এনজির প্রতিকৃতজ্ঞতা প্রকাশ করেন।